

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
www.bpsc.gov.bd



নং-৮০.০০.০০০০.২০০.৩৬.০২৬.১৮-৬৪

তারিখ: ২০ মার্চ ১৪২৭
০৩ ফেব্রুয়ারি ২০২১

বিষয় : ৪০তম বি.সি.এস. পরীক্ষা-২০১৮ এর লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের সাক্ষাৎকারপত্র, চাকুরিরত প্রার্থীদের বিভাগীয় ছাড়পত্র, প্রাক্ চাকুরি বৃত্তান্ত যাচাই ফরম এবং অনলাইনে BPS Form-3 পূরণ সংক্রান্ত নির্দেশনা ওয়েবসাইটে আপলোডকরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ৪০তম বি.সি.এস. পরীক্ষা-২০১৮ এর লিখিত পরীক্ষায় সাময়িকভাবে উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা আগামী ১৬.০২.২০২১ তারিখ থেকে শুরু হবে। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীদেরকে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ওয়েবসাইট এবং টেলিটক বাংলাদেশ লি: এর ওয়েবসাইট থেকে সাক্ষাৎকারপত্র, চাকুরিরত প্রার্থীদের বিভাগীয় ছাড়পত্র, প্রাক্ চাকুরি বৃত্তান্ত যাচাই ফরম সংগ্রহ করাসহ অনলাইনে অতিরিক্ত তথ্য সংবলিত BPS Form-3 পূরণ করতে নির্দেশনা প্রদান করা হয়েছে। সে লক্ষ্যে, কমিশন কর্তৃক অনুমোদিত (ক) সাক্ষাৎকারপত্র, (খ) চাকুরিরত প্রার্থীদের বিভাগীয় ছাড়পত্র, (গ) প্রাক্ চাকুরি বৃত্তান্ত যাচাই ফরম এবং (ঘ) BPS Form-3 পূরণ সংক্রান্ত নির্দেশনা ওয়েবসাইটে আপলোড করা প্রয়োজন।

২ বর্ণিতাবস্থায়, আগামী ০৪.০২.২০২১ তারিখের মধ্যে বর্ণিত ডকুমেন্টসমূহ ওয়েবসাইটে আপলোড করাসহ প্রার্থীদের জন্য BPS Form-3 উন্মুক্ত করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ...৫... পাতা।

[নূর আহমদ]
পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)

[যুগ্মসচিব]

ফোন : ৫৫০০৬৬৪৪

ফ্যাক্স : ৫৫০০৬৬৫৩

ই-মেইল : e_cc@bpsc.gov.bd

ব্যবস্থাপনা পরিচালক

টেলিটক বাংলাদেশ লিঃ

বাড়ি নং-৪১, সড়ক নং-২৭, ব্লক-A

বনানী, ঢাকা।

[দৃষ্টি আকর্ষণ :

জনাব এ বি এম মামুন

সিনিয়র এক্সিকিউটিভ (Value Added)

টেলিটক বাংলাদেশ লিঃ]

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ:

১. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
[কমিশনের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো]
২. মাননীয় চেয়ারম্যানের একান্ত সচিব [মাননীয় চেয়ারম্যানের সদয় অবগতির জন্য], বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব [সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য], বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।